



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৬৩৩

তারিখ: ১২ পৌষ ১৪২৮

২৭ ডিসেম্বর ২০২১

বিষয়: জামালপুর জেলার ইসলামপুর জে.জে কে, এম গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে  
অভিযোগ

সূত্র: দুর্নীতি দমন কমিশন, ঢাকা কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩. ২৬. ৪১২.২০. ৪২৪৭০,  
তারিখ-৩০/১২/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন, ঢাকা কার্যালয়ের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩. ২৬. ৪১২.২০. ৪২৪৭০, তারিখ-৩০/১২/২০২০খ্রি. মোতাবেক জামালপুর জেলার ইসলামপুর জে.জে কে, এম গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে উক্ত কলেজের শিক্ষক-কর্মচারীগণ অভিযোগ করেন। বর্ণিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুদক কার্যালয় মাউশিকে অনুরোধ করেছেন।


বর্ণিত বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহকে দায়িত্ব প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। সার্বিক বিশ্লেষণ শেষে তদন্ত দল নিম্নরূপ সুপারিশ প্রদান করছে:-

#### সুপারিশাবলী

- (১) ঐতিহ্যবাহী শতবর্ষী প্রাচীনতম নারী শিক্ষাপ্রতিষ্ঠানটির বর্তমান অবস্থা উত্তরণে ও স্থায়ী সমাধান হিসেবে উপযুক্ত দক্ষ একজন নারী অধ্যক্ষ এখানে নিয়োগ দেয়া খুবই জরুরী।
- (২) প্রতিষ্ঠানের অ্যাসাইনমেন্ট কাযক্রম, অন-লাইন রুটিন বাস্তবায়ন ও কোভিড স্বাস্থ্যবিধি অনুসরণ না করায় সকল পক্ষকেই জবাবদিহীতার আওতায় আনা প্রয়োজন।
- (৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহোদয় এর চলমান পরিস্থিতি নিয়ন্ত্রণে যোগ্যতার অভাব রয়েছে। পূর্ণ অধ্যক্ষ নিয়োগের পূর্ব পর্যন্ত যোগ্যতম কাউকে মধ্যবর্তীকালীন এই গুরুত্বপূর্ণ দায়িত্ব দেয়া যেতে পারে।
- (৪) তদন্ত কর্মকর্তা যথাযথ পত্রের মাধ্যমে সকল পক্ষকে তদন্তের দিন উপস্থিত রাখার অনুরোধ জানালেও সংশ্লিষ্ট জনেরা মূল অভিযুক্ত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুছ হালাম চৌধুরী কে যথাযথভাবে বার্তাটি অবগত করাননি এবং অবগত করাতে যে চেষ্টা করেছেন তাও প্রমাণ করতে পারেন নি। তাই ব্যর্থতার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলকেই জবাবদিহী করা প্রয়োজন।
- (৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রেরিত রিপোর্টে জানা যায় যে, অধ্যক্ষ জনাব মোঃ আব্দুছ হালাম চৌধুরী এর আর্থিক বিষয়াদির অস্বচ্ছতা রয়েছে ; আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
- (৬) অধ্যক্ষ জনাব মোঃ আব্দুছ হালাম চৌধুরী শিক্ষার্থীদের সাথে মোবাইলে, ফেসবুকে, মেসেঞ্জারে এবং ইমুতে অনর্গল অনৈতিক কথা বলেছেন বলে যে অভিযোগটি তা তথ্যে অভাবে প্রমাণ করা যায়নি ; এক্ষেত্রে তাঁর মোবাইল ও উক্ত সব একাউন্টে যথাযথ পক্ষ থেকে কোয়ারী করা যেতে পারে।
- (৭) সরকারি কলেজের কোন যোগ্যতর প্রফেসর মহোদয়কে অধ্যক্ষ হিসেবে অত্র কলেজে প্রেষণে নিয়োগ দেয়া যায় কিনা? বিবেচনা করা যেতে পারে।

(চ) সর্বপরি সকলের অনাস্থা প্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুছ ছালাম চৌধুরী মহোদয় এর নিজ পক্ষ থেকেই আর এ পদে না থাকার জন্য অব্যাহতি চাওয়া পত্র চাওয়া যেতে পারে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদন বিশ্লেষণ, সুপারিশ ও মতামতের ক্ষেত্রে তাঁর বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগ এর ব্যাখ্যা / জবাব ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।



২৭-১২-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

অধ্যক্ষ, ইসলামপুর জে.জে কে, এম গার্লস স্কুল এন্ড  
কলেজ, জামালপুর।